

হবিগঞ্জ মেডিক্যাল কলেজের স্থায়ী ক্যাম্পাসের দাবিতে শিক্ষার্থীদের মানববন্ধন

হবিগঞ্জ প্রতিনিধি

১৬ মার্চ ২০২৫, ১২:০০ এএম



হবিগঞ্জ মেডিক্যাল কলেজ বন্ধের ষড়যন্ত্রের প্রতিবাদ এবং দ্রুত স্থায়ী ক্যাম্পাস প্রতিষ্ঠার দাবিতে মানববন্ধন ও সড়ক অবরোধ কর্মসূচি পালন করেছে শিক্ষার্থীরা। গতকাল শনিবার দুপুর ১২টায় শহরের কোর্ট মসজিদ প্রাঙ্গণে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়। পরে শিক্ষার্থীরা সড়ক অবরোধ করে বিভিন্ন সেগম্যান দিতে থাকেন। প্রায় এক ঘণ্টা ধরে চলা অবরোধে শহরের প্রধান সড়কে তীব্র যানজট সৃষ্টি হয়।

UNIBOTS

পরে হবিগঞ্জ মেডিক্যাল কলেজ মিলনায়তনে এক সংবাদ সম্মেলনে শিক্ষার্থীরা অভিযোগ করেন যে, হবিগঞ্জ মেডিক্যাল কলেজ বন্ধের ষড়যন্ত্র চলছে। চতুর্থ বর্ষের শিক্ষার্থী আকিব মাহমুদ বলেন, ‘বর্তমান অন্তর্বর্তী সরকারের স্বাস্থ্য উপদেষ্টা এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা মানহীনতার অভিযোগ তুলে মেডিক্যাল কলেজটি বন্ধের ষড়যন্ত্র করছেন। তবে এসব অভিযোগ ভিত্তিহীন ও বৈষম্যমূলক। তিনি আরও বলেন, ‘আমাদের কলেজে বর্তমানে প্রায় ৩০০ জন শিক্ষার্থী অধ্যয়নরত। এর বিপরীতে ৫৫ জন শিক্ষক এবং দুইজন কিউরেটর রয়েছেন। অর্থাৎ, প্রতি ছয়জন শিক্ষার্থীর জন্য একজন করে শিক্ষক রয়েছেন। তাই শিক্ষক সংকটের যে অভিযোগ আনা হচ্ছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন।’ বর্তমান স্বাস্থ্য উপদেষ্টার ধ্বংসাত্মক পরিকল্পনা তাদের ভবিষ্যৎ এবং মানসিক স্বাস্থ্যের ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। শিক্ষার্থীরা অবিলম্বে এই সিদ্ধান্ত প্রত্যাহারের দাবি জানান।